COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 3rd Semester Examinations, 2022

BENGALI

প্রাচীন ভারতীয় কাব্যতত্ত্ব, ছন্দ ও অলংকার

CORE-6

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) সংস্কৃতে 'রস্' ধাতুর অর্থ কী ?

(খ) 'রীতিরাত্মা কাব্যস্য' — কে বলেছেন ?

(গ) 'সাহিত্যদর্পণ' গ্রন্থের রচয়িতা কে ?

(ঘ) 'জীবনানন্দ' শব্দটি স্বরবৃত্তে কয় মাত্রা হবে ?

(ঙ) 'কাব্যং গ্রাহ্যম অলংকারাৎ' — একথা কে বলেছেন ?

(চ) আনন্দবর্ধন রচিত গ্রন্থটির নাম কী ?

(ছ) প্রান্তিক পর্ব কাকে বলে ?

(জ) কোন্ ছন্দকে ছড়ার ছন্দ বলা হয় ?

(ঝ) 'নাট্যশাস্ত্র' গ্রন্থের রচয়িতা কে ?

(ঞ) মাত্রাবৃত্ত ছন্দের 'মাত্রাবৃত্ত' নামকরণ কে করেন ?

(ট) শ্লেষ অলংকার কাকে বলে ?

(ঠ) ব্যাজস্তুতি অলংকারের একটি বৈশিষ্ট্য লেখো।

(ড) উপমেয়ের উপর উপমানের ব্যবহার আরোপিত হলে কোন্ অলংকার হয় ?

(ঢ) অর্থালংকার ও শব্দালংকারের একটি পার্থক্য লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×১ = ৫

(ক) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

"ঐ আসে ঐ অতি ভৈরব হরষে
জলসিঞ্চিত ক্ষিতিসৌরভ-রভসে"

(খ) অলংকার নির্ণয় করোঃ ২.৫×২=৫

(অ) শীতল বাহিনী গঙ্গা ? – কাশীতল বাহিনী গঙ্গা।

(আ) 'রোদের নরম রং শিশুর গালের মতো লাল।'

(গ) টীকা লেখোঃ সাধারণীকরণ।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ভট্টলোল্লটের 'উৎপত্তিবাদ' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(খ) স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) রূপক অলংকার কত প্রকারের ? যে-কোনো দুটি প্রকরণের ব্যাখ্যা করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) " 'ধ্বনি বা ব্যঙ্গ্য' হচ্ছে কাব্যের আত্মা; তার সারতম বস্তু।" — আলোচনা করো।

(খ) শ্লেষ অলংকারের সংজ্ঞাসহ শ্রেণীবিভাগ আলোচনা করো।

(গ) অমিত্রাক্ষর ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো। প্রাচীন পয়ার ও অমিত্রাক্ষর ছন্দের মধ্যে পার্থক্যগুলি দেখাও।

——×——